

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পিরোজপুর সদর, পিরোজপুর
(www.sadar.pirojpur.gov.bd)

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মামুনুর রশীদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
পিরোজপুর সদর, পিরোজপুর।

তারিখ : ১০.১২.২০২৫ খ্রি., সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকায়।
স্থান : উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর এর সভাকক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে) “(পরিশিষ্ট ক)”

আলোচ্যসূচীঃ

- ১। ইউনিয়ন পর্যায়ে বিসিআইসি সার ডিলার সমন্বয় সংক্রান্ত।
- ২। ইউনিয়ন পর্যায়ে বিসিআইসি সার বিক্রেতা নিয়োগের বিজ্ঞপ্তি প্রদান সংক্রান্ত।
- ৩। বিবিধ।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির, পূর্ববর্তী সভার সিদ্ধান্ত পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।


আলোচ্যসূচীঃ ০১ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান, “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা/২০২৫” অনুযায়ী প্রতি ইউনিয়ন ও পৌরসভায় তিনটি করে বিসিআইসি ডিলার নিয়োগ পাবে। এখন পূর্বের ডিলারগণের ডিলার পয়েন্ট চিহ্নিতকরণ ও ডিলার সমন্বয়করণ করতে হবে। এর পরে শূন্য থাকা ডিলার পয়েন্ট সনাক্ত করতে হবে। তদপ্রেক্ষিতে ছয় জন ডিলার তাদের স্ব-স্ব ইউনিয়নের ডিলার পয়েন্ট নিশ্চিত করেন। কদমতলা ও টোনার বিসিআইসি ডিলারগণ পিরোজপুর পৌরসভায় সমন্বয় হতে আহ্বহ প্রকাশ করেন। তারা উল্লেখ করেন যে, “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা/০৯” এর পূর্বে তারা পিরোজপুর পৌরসভার ডিলার হিসাবে নিয়োগ পান। পরবর্তীতে “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা/০৯” অনুসারে উক্ত ইউনিয়নে সমন্বয় হন। এখন যেহেতু পুনঃ সমন্বয় হওয়ার সুযোগ হয়েছে, তাই তারা পিরোজপুর পৌরসভায় সমন্বয় হতে ইচ্ছুক।

সিদ্ধান্ত ১ঃ “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা/২০২৫” অনুযায়ী পূর্বের ছয়টি ডিলার পয়েন্ট নিশ্চিতকরণ ও দুই জন ডিলারকে নিয়মানুযায়ী সমন্বয় করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্যসূচীঃ ০২ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান, অত্র উপজেলায় “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা/২০২৫” অনুযায়ী পিরোজপুর সদর উপজেলায় ৭ (সাত) ইউনিয়নে ২১ (একুশ) টি ও পৌরসভায় ৩ (তিন) টি, মোট ২৪ (চব্বিশ) টি ডিলার পয়েন্ট হবে। পূর্বের ডিলার হতে ৮ (আট) টি সমন্বয় হলে নতুন ১৬ (ষোলো) টি ডিলার পয়েন্ট শূন্য আছে। সভার সদস্য সচিব জানান “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা/২০২৫” অনুযায়ী সকল উপজেলার তথ্য প্রাপ্তি সাপেক্ষে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি শূন্য ডিলার পয়েন্টের নিয়োগের জন্য জাতীয় পত্রিকার মাধ্যমে দরখাস্ত আহবান করবেন।

সিদ্ধান্ত ২ঃ “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা/২০২৫” অনুযায়ী পিরোজপুর সদর উপজেলায় ১৬ (ষোলো) টি সার ডিলার ইউনিট শূন্য থাকায় নতুন সার ডিলার নিয়োগের নিমিত্ত জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১০.১২.২০২৫
(মামুনুর রশীদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
পিরোজপুর সদর, পিরোজপুর।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
পিরোজপুর সদর, পিরোজপুর

স্মারক নং-১২.১৮.৭৯৮০.০৩৯.০৬.০২৯.১৯/৫৭৫

তারিখঃ ১০.১২.২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, পিরোজপুর।
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, পিরোজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, পিরোজপুর সদর, পিরোজপুর।
- ৪। উপজেলা-----অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর।
- ৫। অফিসার ইনচার্জ (ওসি), পিরোজপুর সদর থানা, পিরোজপুর।
- ৬। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, পিরোজপুর সদর, পিরোজপুর।
- ৭। জনাব..... প্রতিনিধি বিএফএ/ কৃষক প্রতিনিধি, পিরোজপুর সদর, পিরোজপুর।
- ৮। অফিস কপি, অত্র দপ্তর।


১০.১২.২৫
(মোঃ শওকত হোসেন)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
পিরোজপুর সদর, পিরোজপুর।